# অস্ট্রেলিয়ার মাটিতে টাইগারদের ইতিহাস, অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

অস্ট্রেলিয়ার মাটিতে স্বাগতিকদের হারিয়ে ঐতিহাসিক টেস্ট জয় পাওয়ায় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রোববার (১৬ আগস্ট) ডারউইনে সিরিজের প্রথম টেস্টে অস্ট্রেলিয়াকে ৯ উইকেটে হারায় বাংলাদেশ। দীর্ঘ ২৩ বছর পর অস্ট্রেলিয়ার মাটিতে টেস্ট খেলতে নেমেই এমন সাফল্য অর্জন করল টাইগাররা।

জয়ের সময় কিশোরগঞ্জ সফরে ছিলেন প্রধানমন্ত্রী। ম্যাচ শেষ হওয়ার পরপরই ভিডিও কলে বাংলাদেশ দলের খেলোয়াড়দের সঙ্গে কথা বলেন তিনি এবং পুরো দলকে অভিনন্দন জানান। একই সঙ্গে দেশবাসীর পক্ষ থেকেও ক্রিকেটারদের শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী।

অভিনন্দন বার্তায় তারেক রহমান বলেন, শক্তিশালী অস্ট্রেলিয়ার বিপক্ষে তাদেরই মাঠে বাংলাদেশের এই জয় দেশের ক্রিকেটের জন্য অত্যন্ত গৌরবের। খেলোয়াড়দের আত্মবিশ্বাস, দৃঢ় মনোবল ও দলীয় প্রচেষ্টার কারণেই এমন অসাধারণ ফল এসেছে।

তিনি বাংলাদেশ দলের খেলোয়াড়, কোচিং স্টাফ ও সংশ্লিষ্ট সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। পাশাপাশি সিরিজের পরবর্তী ম্যাচেও এই ধারাবাহিকতা ধরে রেখে প্রথমবারের মতো অস্ট্রেলিয়ার বিপক্ষে টেস্ট সিরিজ জয়ের প্রত্যাশা ব্যক্ত করেন।

এর আগে ২০১৭ সালে মিরপুরে অস্ট্রেলিয়াকে টেস্টে হারিয়েছিল বাংলাদেশ। এবার তাদেরই মাটিতে জয় তুলে নিয়ে টেস্ট ক্রিকেটে নতুন এক মাইলফলক গড়ল টাইগাররা।

LENS ASIA